দৈনিক ইত্তেফাক

তারিখ 20 NOV 1992
পৃষ্ঠা ৭ কলাম ৭



ঢাকা কলেজ অভিমুখে ধাবমান দোকান কর্মচারীদের পুলিশ বাধা দিতেছে —ইত্তেফাক

# নিউমার্কেটে ছাত্র-দোকানী সংঘর্ষে ১জন নিহত



নিউমার্কেটে গুলীতে নিহত দোকান কর্মচারী আনোয়ার হোসেন



গুলীতে আহত পথচারী শামসু মিস্ত্রি ও দোকানদার আবুল কালাম আজাদ —ইত্তেফাক

**ইত্তেফাক রিপোর্ট॥** গতকাল বৃহস্পতিবার ঢাকা কলেজ ও দোকান কর্মচারীদের মধ্যে সংঘর্ষকালে গুলীতে দোকান কর্মচারী আনোয়ার হোসেন নিহত এবং অপর ৪ জন মারাত্মক আহত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশ কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। গতকাল ঢাকা কলেজের ছাত্র সংসদের প্রাক্তন ভিপি মীর শরাফৎ আলী সপুর মুক্তির ব্যাপারে কাজ করার জন্য কতিপয় ছাত্র নিউমার্কেটে দোকান মালিকদের নিকট মোটা অঙ্কের চাঁদা দাবী করে। দোকান মালিকরা চাঁদা দিতে অস্বীকার করিলে ছাত্রদের সহিত কর্মচারীদের প্রথমে বাদানুবাদ ও পরে সংঘর্ষ শুরু হয়। এই সময় কতিপয় তরুণ কর্তৃক নিউমার্কেটে আগত তরুণীদের উত্যক্ত করার কথাও শোনা যায়। অবশ্য ছাত্ররা দাবী করে যে, তাহারা নিউমার্কেটে একটি দোকানে কলম ক্রয় করিতে গেলে দোকান কর্মচারীদের সহিত ঝগড়া হয়। এক পর্যায়ে তাহারা ঢাকা কলেজে চলিয়া যায় এবং সংসদের ছাত্র নেতৃবৃন্দ ও শিক্ষকদের ঘটনা জানায়। পরে ছাত্ররা পুনরায় ( ৭ম পৃঃ দ্রঃ)



ছাত্রদের ছত্রভঙ্গ করার জন্য পুলিশ কাঁদানে গ্যাস নিক্ষেপ করে —ইত্তেফাক